## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বাংলাদেশে কোভিড-১৯এ মহা-মারি দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে, এবং প্রতিনিয়ত অনেক প্রাণ হানি হচ্ছে। প্রার্থনা করবেন যেন ঈশ্বর এই মহামারির হাত থেকে তার ভালবাসার সন্তানদেরকে রক্ষা করেন এবং আমাদের দেশ কে করনা মুক্ত করেন।

২। চলতি মাসে বাংলাদেশে জাহাজ ডুবিতে অনেক লোকের প্রাণ হানি হয়েছে, যে সব পরিবার তাদের আত্মীয় স্বজন হারিয়েছে তাদের যেন ঈশ্বর সান্ত্বনা দান করে এবং বাংলাদেশে যেন এমন দুর্ঘটনা থেকে রক্ষা পায়।

৩। বাংলাদেশ এখনো ১০/৪০ উইন্ডো (সমস্থ জায়গায় আজও সুসমাচার প্রচার হয় নাই) সীমারেখায় আছে, প্রার্থনা করবেন ঈশ্বর যেন তার বাংলাদেশে কার্যকারী লোক পাঠান এবং বাংলাদেশে যেন সমস্থ যায়গায় আত্মিক জাগরণ তৈরি হয়।

৪। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন, যারা বাংলাদেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রাণপণ কাজ করছেন তাদের জন্য প্রার্থনা করবেন, তারা যেন কোন রকম পরীক্ষায় না পরে, কোন রকম অনৈতিক কাজে লিপ্ত না হয়ে দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে পারেন। তাদের মধ্যে যেন ঈশ্বরভয় থাকে, সর্বোপরি তারা যেন ঈশ্বরকে জানতে পারে।

৬. বাংলাদেশর জন্য জরুরী ভিত্তিতে বিশেষ প্রার্থনার অনুরোধ জানাচ্ছি। বতর্মানে বন্যাকবলিত অনেক মানুষ ভোগান্তিতে আছে, অনাহারে দিন কাটাচ্ছে। তাদের সাহায্যর জন্য বিশেষভাব প্রাথর্না করবেন।

## 소망의 여인들에서는

## 여러분의 목소리를 듣기 원합니다.

기도달력을 가지고 어떻게 기도하고 계시는지, 기도하면서 어떤 유익을 얻으시는지, 하나님께서 어떤 마음을 주시는지, 기도를 통해 어떤 변화가 생겼는지 등을 저희에게 알려주세요. 여러분의 간증은 함께 기도하고 있는 사람들에게 큰 힘과 도전이 됩니다.

보내는 방법

✧ 카톡: nard70

✧ 이메일: phkorea@twrk.or.kr

✧ 문서로 보내기 어려우시면 전화로 말씀해주세요.
02-886-5671 정인자 간사

✧ 만일 외국인이라면 당신의 언어로 보내주셔도 됩니다.

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2020. 8.**

## ধন্যবাদ এবং প্রশংসা

গীত ১৫০ঃ৬ " শ্বাস বিশিষ্ট সকলেই সদাপ্রভুর প্রশংসা করুক। তোমরা সদাপ্রভুর প্রশংসা কর।
আমাদের সকলের প্রভুর মঙ্গলভাবকে স্বীকৃতি জানাতে ও সম্মান না করার কোনও অজুহাত বা কারণ নেই। আমরা শ্বাস প্রশ্বাস নিতে পারি কেবলমাত্র তাঁর জন্য । তাঁর কারণেই সমস্ত কিছু অস্তিত্বে এসেছিল; সবই তাঁর একার উপর নির্ভরশীল, তিনি সমস্ত কিছু সৃষ্টি করেছেন তাঁর অধিনস্ত করার জন্য।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

## আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। আমরা ত্রাণকর্তা হিসাবে তোমাকে উচ্চীকৃত করি! এই সংকটের সময়, যখন লোকেরা তাদের জীবন, মৃত্যু এবং মৃত্যুর পরবর্তী জীবন নিয়ে গভীরভাবে চিন্তা করছে, তখন খ্রীষ্ট বিশ্বাসীরা তাদের বিশ্বাস এবং যীশু খ্রীষ্টের মাধ্যমে অনন্ত জীবনের আশার বিষয়টি সহভাগিতা করার জন্য সাহসী হয়েছেন।

২। পিতা, এই করোনা ভাইরাস সঙ্কটের সময় তোমার বিশ্বস্ততা এবং সুরক্ষার জন্য আমরা তোমার প্রশংসা করি। এই লক্ ডাউন চলাকালীন ভারতের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটি প্রতিদিন সকাল ১১টা থেকে সারা দুপুর তোমার কাছে তাদের হৃদয় ঢেলে দিয়েছে। (১ শমূয়েল ১:১ ০-১১)

৩। ঈশ্বর তুমি আমাদের জোগান দাতা! নরওয়ের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলে একজন অনুধ্যান লেখিকা পাইয়ে দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ জানাই। তারা ৮০টি অনুধ্যান রেকর্ড করেছেন, সেগুলা সপ্তাহে তিনদিন স্পটিফাই, তাদের ওয়েবসাইট এবং ফোন টেক্সটের মাধ্যমে সম্প্রচারিত হয়।

৪। তুমি সমস্ত আশার ঈশ্বর। দুশ্চিন্তার সময়, আমরা যখন তোমার উপর আস্থা রাখি তখন আমরা আমাদের ভয়কে জয় করতে পারি। তুমি আমাদের তোমার আনন্দ এবং শান্তিতে পূর্ণ কর। (রোমীয় ১৫:১৩)

৫। আমরা তোমাকে সমস্ত বুদ্ধির ঈশ্বর হিসাবে আরাধনা করি। এমনকী কঠিন পরিস্থিতিগুলির মধ্যেও, তুমি আমাদেরকে তোমার কাছে টেনে নাও এবং আমাদেরকে অনুতাপ করার আহ্বান জানাও কারণ তোমার পথ সর্বদা উত্তম।

৬। আমরা এমন একজন হিসাবে তোমার প্রশংসা করি, প্রভু, যিনি তোমার সন্তানদের মধ্যে ঐক্য আনেন। নেপালে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলে খ্রীষ্টিয় ঐক্য আনার জন্য, তোমার মধ্যে তাদের পরিচিতি, মূল্য, বিশ্রাম এবং আশা খুঁজে পাওয়ার জন্য তোমাকে ধন্যবাদ দিই। (গীত ৬২:৫-৮)

৭। যারা তোমায় জানে না সেই লোকদের হয়ে ফাটলে দাঁড়ানোর জন্য আরও অধিক সময় দেওয়ার উদ্দেশ্যে দয়াময় ঈশ্বর হিসাবে, হে পিতা, আমরা তোমাকে গৌরবান্বিত করি। যারা তোমার আমন্ত্রণে কখনও সাড়া দান করে না তাদের উদ্দেশে এবং তোমার সঙ্গে যাদের সম্পর্কের পুনরুদ্ধারের প্রয়োজন আছে তাদের উদ্দেশে প্রার্থনা করার জন্য আমরা যেন এই সুযোগ ব্যবহার করি।

৮। পরিবর্তন এবং অনিশ্চয়তার এই সময়গুলিতে, তুমি বিশ্বাসযোগ্য এবং প্রতিজ্ঞা রক্ষাকারী হিসাবে দাঁড়িয়ে আছ। তোমার প্রতিজ্ঞাগুলি আমাদের দৃঢ় ভিত্তি যার উপর আমরা আশাময়ী নারী হিসাবে আমাদের জীবন গড়ে তুলি। (গণনা ২৩:১৯)

৯। তোমাকে আমাদের সার্বভৌম সদাপ্রভু হিসাবে প্রকাশ্যে ঘোষণা করার জন্য আমরা আমাদের কানাডার দলে যোগদান করি। "কেননা তাঁহাতেই সকলই সৃষ্ট হইয়াছে; স্বর্গে ও পৃথিবীতে, দৃশ্য কি অদৃশ্য যে কিছু আছে, সিংহাসন হউক, কি প্রভুত্ব হউক, কি আধিপত্য হউক, কি কর্তৃত্ব হউক, সকলই তাঁহার দ্বারা ও তাঁহার নিমিত্ত সৃষ্ট হইয়াছে; আর তিনিই সকলের অগ্রে আছেন, ও তাঁহাতেই সকলের স্থিতি হইতেছে" (কলসীয় ১:১৬-১৭)।

১০। হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি কারণ তুমি মঙ্গলময়! তুমি প্রতিষ্ঠানগুলিকে, পরিচর্যাগুলিকে এবং প্রতিবাসীদের দুঃস্থদের খাদ্য দিতে, বেকারদের প্রয়োজনীয় জিনিসপত্র দিতে এবং গৃহহীনদের আশ্রয় দিতে সক্ষম করেছিলে।

১১। তুমি আমাদের পরিত্রাণের শৈল! তোমার সঙ্গে সম্পর্কের মধ্যে লোকদের আনার জন্য বোনারে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি ব্যবহার করার জন্য তোমাকে ধন্যবাদ। যখন তাদের ফেসবুক পেজে তোমার বাক্য সহভাগিতা করা হয়েছে, তখন এটি লোকদের তুলে ধরে এবং তোমার কাছে আনে! (গীত ৯৫:১-৩)

১২। হে সদাপ্রভু আমরা তোমার আরাধনা করি কারণ তুমি বিদ্যমান। আমরা আমাদের পার্থিব পরিবারের থেকে বেদনাগুলিকে তোমার কাছে আনি এবং তোমার প্রতিজ্ঞায় আমরা দৃঢ়রূপে দাঁড়িয়ে থাকি, যখন তুমি বলেছিলে, "আমি কোনও ক্রমে তোমাকে ছাড়িব না, ও কোনও ক্রমে তোমাকে ত্যাগ করিব না " (ইব্রীয় ১৩:৫খ)।

১৩। হে সদাপ্রভু, ১৯৯৯ সাল থেকে ইন্দোনেশীয় এবং জাভানিজ আশাময়ী নারী অনুষ্ঠানগুলিকে আর্থিক অনুদান জোগানোর জন্য এবং সেই অনুষ্ঠানগুলিকে সম্প্রসারিত করার জন্য স্থানীয় স্টেশন দেওয়ার জন্য আমরা তোমাকে উচ্চীকৃত করছি। লক্ষ লক্ষ স্ত্রীলোক এখন ঈশ্বরের বাক্য এবং স্বাস্থ্য সম্পর্কে শুনেছে।

১৪। আমাদের রক্ষাকারী এবং আশ্রয় হিসাবে, হে সদাপ্রভু, তোমার নাম উদযাপিত হন। "তিনি আপন পালখে তোমাকে আবৃত করিবেন, তাঁহার পক্ষের নীচে তুমি আশ্রয় পাইবে " (গীত ৯১:৪)।

১৫। হে ঈশ্বর, আমরা তোমাকে সমস্ত কিছু এক সঙ্গে মঙ্গলের জন্য করা ঈশ্বর হিসাবে প্রশংসা করার জন্য আমাদের ফিনিশীয় দলে যোগদান করি। যীশুর ক্রুশবিদ্ধ হওয়ার মধ্যে, আমরা তোমাকে এই নিগূঢ়তত্ত্ব প্রকাশ করতে দেখি যে অন্ধকারের মধ্যে এবং আমাদের জীবনের সমস্ত কষ্টের মধ্যেও আমরা আশার আলো দেখতে পাই। (রোমীয় ৮:২৮)

১৬। হে পিতা, আশাময়ী নারী হিসাবে, আমরা ঘোষণা করি, যে তুমি আমাদের নৈতিক উৎকর্ষ। আমরা তোমার মধ্যে আমাদের পরিচিতি গ্রহণ করি, কারণ আমরা তোমার কন্যা, তোমার প্রতিমূর্তিতে সৃষ্ট হয়েছি। (আদি ১:২৭)

১৭। আমরা তোমাকে আমাদের সার্বভৌম সদাপ্রভু হিসাবে সম্মান করি, যিনি একটি বিশ্ব সঙ্কটকে ব্যবহার করেছিলেন যখন সমস্ত কার্যকলাপ থেমে গেছিল যা আমাদেরকে আমাদের জীবন, মৃত্যু এবং আত্মিক বিষয়গুলিকে গভীরভাবে চিন্তা করতে সাহায্য করে। এই বিষয়টি আমাদের তোমার সঙ্গে এবং অন্যদের সঙ্গে আমাদের সম্পর্কগুলির গুরুত্বের উপর প্রতিফলিত করতে এবং মূল্যায়ন করতে দেয়।

১৮। হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি, যে আমাদের পোল্যাণ্ডের বিশ্বাসীরা যখন সামনা সামনি এক সঙ্গে মিলিত হতে পারছিল না, তখন তুমি অন-লাইন প্রার্থনায় তাদের হৃদয়কে ঐক্যবদ্ধ করেছিলে এবং তুমি মূল্যবান নামক মহিলাদের অনুষ্ঠানটি রেকর্ড করতে তাদের সক্ষম করেছিলে। (রোমীয় ১২:৫)

১৯। প্রভু, তুমি আমাদের শান্তি। "আর শান্তির প্রভু স্বয়ং সর্ব্বদা সর্ব্বপ্রকারে তোমাদিগকে শান্তি প্রদান করুন" (২ থিষলনীকীয় ৩:১৬ক)।

২০। এই সময় যখন লোকেরা অবাধে আত্মিক কথোপকথন করতে পারছে, তখন তুমি কীভাবে আমাদের রক্ষা করেছিলে সেই বিষয়ে আমাদের সাক্ষ্য আমরা যেন বিশ্বস্তভাবে সহভাগিতা করতে পারি, কারণ তিনি আমাদের ক্ষমাশীল পিতা! (ইফিষীয় ৪:৩২)

২১। আমাদের সৃষ্টিকর্তা হিসাবে, আমরা তোমার আরাধনা করি, ঈশ্বর, যিনি আমাদের অনুপ্রাণিত করেন, তোমার সৃষ্ট প্রাণী হিসাবে, আমরা যেন আশাময়ী নারী অনুষ্ঠানগুলির মাধ্যমে ইউক্রেনের মহিলাদের সেবা করতে পারি।

২২। আমরা তোমাকে মিলনকারী ঈশ্বর হিসাবে তোমার প্রশংসা করি। ক্লেশের মাধ্যমে আমাদের পরিবারগুলিকে পরিচালিত করার জন্য তোমাকে ধন্যবাদ দিই যা তোমার উপর আমাদের আস্থাকে আরও বৃদ্ধি দেয় এবং আমাদের সম্পর্কগুলিকে আরও শক্তিশালী করে।

২৩। প্রভু, আমরা আমাদের ত্রাণকর্তা হিসাবে তোমাদের প্রশংসা করি। অসুস্থতার সময় পৃথক থাকার সময়, ফ্রান্সে অবিরত তোমার সুসমাচার সম্প্রসারিত হয়েছিল। তারা যেন তোমার প্রয়োজন বুঝতে পারে এবং তাদের দুষ্টতার পথগুলি থেকে সরে আসে। (যিরমিয় ২৬:৩)

২৪। হে সদাপ্রভু, তুমি "কৃপাময় ও স্নেহশীল, ক্রোধে ধীর ও দয়াতে মহান" (গীত ১৪৫ : ৮)।

২৫। হে সদাপ্রভু, তুমি বিশ্বস্ত ! রোমানিয়ার কারাগারে মহিলাদের মধ্যে পরিচর্যাকারী আমাদের দলের সদস্যদের সুরক্ষা করার, পরিচালিত করার এবং অনুপ্রাণিত করার তোমার প্রতিজ্ঞাগুলি তুমি রক্ষা করেছো। (গীত ১১৭:২)

২৬। প্রভু, তোমার প্রশংসা করি, কারণ সমুদয় জগৎ এবং সমুদয় মানবজাতি তোমার নিয়ন্ত্রণাধীন। "তুমি মহান, তোমার নামও পরাক্রমে মহৎ" (যিরমিয় ১০:৬)।

২৭। প্রভু, যতজন কোভিড -১৯ রোগ থেকে সুস্থ হয়েছেন, তাদের জন্য আমরা আরোগ্যকারী ঈশ্বর হিসাবে তোমার প্রশংসা করি! জীবনগুলিকে সরাসরি স্পর্শ করার জন্য তোমাকে ধন্যবাদ দিই এবং অসংখ্য সমর্পিত চিকিৎসা বিভাগের কর্মীদের মাধ্যমে কাজ করার জন্য তোমাকে ধন্যবাদ দিই। (গীত ১০৩:৩)

২৮। যীশু, তুমি আমাদের জীবন রুটি। আমরা মধ্য ইউরোপে আমাদের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলের জন্য তোমার প্রশংসা করি যারা সেই লোকদের মধ্যে এই সত্যটি প্রসারিত করছে যারা তাদের প্রাণকে তৃপ্ত করার জন্য সম্পদের রাশি জমানোর চেষ্টা করে চলেছে। (যোহন ৬:৩৫)

২৯। পিতা, আমরা তোমাকে সান্ত্বনাদাতা হিসাবে গ্রহণ করি। তুমি সারা পৃথিবীর সেই সমস্ত পরিবারগুলিকে তোমার অনুগ্রহ, দয়া এবং সান্ত্বনা দাও যারা এই সাম্প্রতিক মাসগুলিতে তাদের ভালোবাসার লোকদের হারিয়েছেন। (যিশাইয় ৬১:২-৩)

৩০। আমরা আমাদের সার্বিয়ান দলের সদস্যদের সঙ্গে যোগদান করি, যারা সঙ্কটের মধ্যেও মঙ্গলময় ঈশ্বর হিসাবে এবং শান্তিদাতা হিসাবে তোমার বাক্যের মাধ্যমে উৎসাহ দানকারী হিসাবে তোমার প্রশংসা করে।

৩১। মৃত্যুকে জয়কারী হিসাবে আমরা তোমার প্রশংসা করি। তুমি পুনরুত্থান এবং জীবন। যারা তোমাকে বিশ্বাস করে তারা মরলেও চিরকাল জীবিত থাকবে। (যোহন ১১:২৫)